

আল-লাইল | Al-Lail | اللَّيْلُ

আয়াতঃ ৯২ : ১১

আরবি মূল আয়াত:

وَمَا يُغْنِي عَنْهُ مَا لَهُ إِذَا تَرَدَّى ﴿٩٢﴾

অনুবাদসমূহ:

আর তার সম্পদ তার কোন কাজে আসবে না, যখন সে অধঃপতিত হবে। — আল-বায়ান

যখন সে ধ্বংস হবে (অর্থাৎ মরবে) তখন তার (সঞ্চিত) ধন-সম্পদ কোনই কাজে আসবে না। — তাইসিরুল

এবং তার সম্পদ তার কোন কাজে আসবে না যখন সে ধ্বংস হবে। — মুজিবুর রহমান

And what will his wealth avail him when he falls? — Sahih International

১১. আর তার সম্পদ তার কোন কাজে আসবে না, যখন সে ধ্বংস হবে।(১)

(১) এর শাব্দিক অর্থ অধঃপতিত হওয়া ও ধ্বংস হওয়া। অর্থাৎ একদিন তাকে অবশ্যই মরতে হবে। তখন দুনিয়াতে যেসব ধন-সম্পদে কৃপণতা করেছিল তা তার কোনও কাজে আসবে না। [মুয়াস্সার]

তাফসীরে জাকারিয়া

১১। যখন সে ধ্বংস হবে, তখন তার সম্পদ তার কোনই কাজে আসবে না।[1]

[1] অর্থাৎ, যখন সে জাহান্নামে নিক্ষিপ্ত হবে, তখন এই মাল-ধন, যা সে আল্লাহর রাস্তায় ব্যয় করত না, তা সেদিন কোন কাজে আসবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6069>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন